ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৭২

মোহনপুর, ৬ আগস্ট, ২০২৫

**প্রকৃতির ভারসাম্য রক্ষায় আরও বেশি করে গাছ লাগাতে হবে ঃ কৃষিমন্ত্রী**

প্রকৃতির ভারসাম্য রক্ষায় আরও বেশি করে গাছ লাগাতে হবে। পৃথিবীর তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। তাপমাত্রা প্রশমনের জন্য গাছ লাগানো খুবই জরুরী। মায়ের নামে, ছেলে-মেয়ের নামে অথবা নিজের জন্মদিনে প্রত্যেককেই গাছ লাগাতে হবে। তবেই পৃথিবীর ভারসাম্য বজায় থাকবে। মোহনপুরের পশ্চিম তারানগরে ফকিরমুড়াস্থিত চিন্ময় হরিজয় বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচির সূচনা করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। কৃষিমন্ত্রী এবং অন্যান্য অতিথিগণ বিদ্যালয় প্রাঙ্গণে বিভিন্ন গাছের চারা রোপণ করেন।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, সমাজে প্রত্যেকেরই নিজ নিজ দায়িত্ব রয়েছে। পৃথিবীতে মানুষের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে গাছের সংখ্যা কমছে। গাছ লাগানো কর্মসূচিকে আরও উৎসাহিত করতে এক পেড় মা কে নাম অভিযান শুরু করা হয়েছে। পরিবেশ সুরক্ষায় আমাদের দেশের মানুষ এই কর্মসূচি গ্রহণ করেছেন এবং বৃক্ষরোপণে আরও উৎসাহী হয়েছেন। সবাইকে আরও বেশি করে গাছ লাগানোর জন্য কৃষিমন্ত্রী আহ্বান জানান।

মোহনপুর পুর পরিষদের উদ্যোগে এক পেড় মা কে নাম অভিযানের অঙ্গ হিসেবে আজ এই বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। আজ এই অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকদের মোহনপুর পুর পরিষদের পক্ষ থেকে গাছের চারা বিতরণ করা হয়। অনুষ্ঠানে মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন কনিকা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য জয়লাল দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, মোহনপুর পুর পরিষদের কাউন্সিলারগণ উপস্থিত ছিলেন।

********